# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৪৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ বানী ইসরাঈলের উপর যে শাস্তি প্রেরণ করা হয়েছিল, নিশ্চয়ই মহামারী তার অবশিষ্টাংশ

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الطَّاعُونَ إِنَّمَا هُوَ بَقِيَّةٌ مِنَ الْعَذَابِ الَّذِي أُرْسِلَ عَلَى بَنِي إِسْرَائِيلَ

আরবী

2943 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ دِينَارٍ عَنْ عَامِرِ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم ذَكَرَ الطَّاعُونَ فَقَالَ: (بَقِيَّةُ رِجزٍ وَعَذَابٌ أُرْسِلَ عَلَى طَائِفَةٍ مِنْ بَنِي إِسْرَائِيلَ فَإِذَا وَقَعَ بِأَرضٍ وَأَنْتُمْ بِهَا فَلَا تَهْرُبُوا مِنْهُ وَإِذَا كان بأرض فلا تهبطوا عليه)

الراوي : أُسَامَة بْن زَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2943 | خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

২৯৪৩. উসামা বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহামারীর আলোচনা প্রসঙ্গে বলেন, “এটা শাস্তির অবশিষ্টাংশ। এটা এমন শাস্তি যা বানী ইসরাঈলের একটি দলের উপর প্রেরণ করা হয়েছিল। কাজেই যখন কোন জমিনে এর প্রাদুর্ভাব ঘটে, আর তোমরা সেখানে অবস্থান করো, তখন তোমরা সেখান থেকে পলায়ন করবে না। আর যখন কোন জায়গায় এটি দেখা দিবে, তখন সেখানে অবতরণ করবে না।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২২১৮; তিরমিযী: ১০৬৫; মুসনাদ আহমাদ: ৫/২০০-২০১।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুল হিসান: ২৯৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92273

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন